



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

16 MAY 2024

7:35—7:40 AM IST

দেশে পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য প্রচার অভিযান অব্যাহত রয়েছে। পঞ্চম পর্যায়ে আগামী কুড়ি মে ৪৯ টি লোকসভা আসনে ভোটগ্রহণ করা হবে। ২৫ মে ষষ্ঠ পর্যায়ে ৫৭ টি এবং পয়লা জুন সপ্তম পর্যায়ে আরো ৫৭ টি আসনের জন্য ভোটগ্রহণ করা হবে।

প্রবীণ বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল মহারাষ্ট্রে, অমিত শাহ ওড়িশাতে নিজ দলের প্রার্থীদের সমর্থনে বেশ কয়েকটি নির্বাচনী জনসভায় অংশ নেন। এদিকে রাহুল গান্ধীও ওড়িশায় নির্বাচনী জনসভায় সম্বোধন করা সহ মোটর সাইকেল র্যালীতে অংশ নেন।

বি জে পি নেতা তথা মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল ঝাড়খণ্ডে দলীয় প্রার্থীর হয়ে প্রচার করেন।

নাগরিকত্ব সংশোধনী আইনের অধীনে গতকাল প্রথম পর্যায়ে ১৪ জন আবেদনকারীকে ভারতীয় নাগরিকত্বের প্রমান পত্র প্রদান করা হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভান্সা গতকাল নতুন দিল্লীতে এই আবেদনকারীদের হাতে নাগরিকত্বের প্রমাণপত্র তুলে দিয়েছেন। শ্রী ভান্সা আবেদনকারীদের অভিনন্দন জানিয়ে চলতি বছরের গত ১১ ই মার্চ বিজ্ঞপ্তি জারী করা নাগরিকত্ব সংশোধনী নিয়ামাবলী সম্পর্কে আলোকপাত করেন। এই নিয়মের অধীনে পাকিস্তান, বাংলাদেশ ও আফগানিস্তান থেকে ভারতে

আসা হিন্দু , শিখ , জৈন , বৌদ্ধ , পার্শি ও খ্ৰীষ্টান সম্প্ৰদায়ের লোকেদের নাগরিকত্বের আবেদন গ্ৰহণ করা হয়েছিল ।

আসাম সহ সমগ্ৰ উত্তর পূৰ্বাঞ্চল থেকে এবছর তিন হাজার ৭০৮ জন হজযাত্ৰী মক্কা যাচ্ছেন । আজ গৌহাটীৰ লোকপ্ৰিয় গোপীনাথ বৰদলৈ আৰ্ত্তজাতিক বিমান বন্দৰ থেকে হজযাত্ৰীদের প্ৰথম দলটি মক্কাৰ উদ্দেশ্যে যাত্ৰা কৰবে । ৰাজ্য হজ কমিটিৰ অধ্যক্ষ নেকিবুৰ জামান জানান যে- হজযাত্ৰা কৰতে চাওয়া যাত্ৰীদের মধ্যে তিন হাজার ৬৫৮ জন আসামের এবং ৩৬ জন মেঘালয়ের , সাতজন নাগাল্যান্ডের বাসিন্দা রয়েছে । আগামী ২৫শে মে পৰ্যন্ত ঐসব যাত্ৰীরা হজযাত্ৰার জন্য পৰ্যায়ক্রমে যাত্ৰা কৰবেন । অধ্যক্ষ শ্ৰীজামান আরো জানান যে- হজযাত্ৰীদের সুবিধার জন্য কেন্দ্ৰীয় হজ সমিতি হজ সুবিধা এ্যাপ নামে একটি মোবাইল এ্যাপ্লিকেশনের ব্যবস্থা কৰেছে । ঐই এ্যাপের সহায়তায় যাত্ৰীরা হজ সংক্রান্ত যাবতীয় তথ্য ঘৰে বসে লাভ কৰতে পাবেন ।

সমগ্ৰ দেশের সঙ্গে আসামেও ডিজিটেল লেনদেন প্ৰতিদিন নতুন ৰেকৰ্ড সৃষ্টি কৰেছে । চলতি অৰ্থ বছরের প্ৰথম তিন মাসে ঐই লেনদেন ১০ লক্ষ কোটি টাকা অতিক্ৰম কৰেছে । কোবিড সংক্ৰমণের পর থেকে ডিজিটেল লেনদেন বৃদ্ধি হওয়া পৰিলক্ষিত হছে । পূৰ্বের নেট বেংকিং , এন ই এফ টি , মোবাইল বেংকিং ইত্যাদিৰ তুলনায় ইউ পি আই'ৰ ব্যবহার বেশী সহজ হওয়ায় ডিজিটেল লেনদেন জনপ্ৰিয় হয়েছে বলে অৰ্থ মন্ত্ৰক সূত্ৰে জানানো হয়েছে ।

বিশ্ব ঐতিহ্যক্ষেত্র কাজিরাঙ্গা জাতীয় উদ্যান আগামী ৩১ মে থেকে দেশী-বিদেশী পর্যটকদের জন্য বন্ধ করা হবে। পূর্বে উদ্যান কর্তৃপক্ষ গতকাল থেকে জীপ সাফারী বন্ধ করার নির্দেশ জারি করেছিল। তবে পর্যটকদের আগমনের প্রতি লক্ষ্য রেখে আগামী ৩১ মে পর্যন্ত এই সময়সীমা বৃদ্ধি করেছে। উল্লেখ্য গত পয়লা মে থেকে উদ্যানটিতে হাতী সাফারী বন্ধ করা হয়েছে।

শিলচর রাধামাধব কলেজের আই কিউ এ সি-র উদ্যোগে গতকাল কলেজ প্রেক্ষাগৃহে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ে কলা ও বানিজ্য শাখায় কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ আট জন মেধাবী ছাত্র-ছাত্রীকে ঋষিকেশ শেফালিকণা স্মৃতি পুরস্কার প্রদান করা হয়। কলেজ পরিচালন সমিতির সভাপতি লক্ষীকান্ত ভট্টাচার্যের পৌরহিত্যে এ উপলক্ষে আয়োজিত এক সভায় প্রধান অতিথি হিসেবে আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডক্টর রাজীব মোহন পন্থ উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে শিলচরের সাংসদ ডক্টর রাজদীপ রায়, কলেজ অধ্যক্ষ ডক্টর দেবশীষ রায়, কলেজ পরিচালন সমিতির সদস্য অংশু কুমার রায় প্রমুখ উপস্থিত ছিলেন।

১৯ শে মে ভাষা শহীদ দিবস পালনের অঙ্গ হিসেবে সব মাতৃভাষার মঙ্গল কামনায় গতকাল বিভিন্ন ছাত্র সংস্থার আহ্বানে রাঙ্গিরখাড়ির নেতাজী মূর্তির পাদদেশ থেকে এক শোভাযাত্রা বের হয়ে শিলচর শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে।

এদিকে আজ বরাকের আওয়াজের উদ্যোগে বরাক উপত্যকার তিন জেলা কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্ডিতে বিকেল তিনটায় মহা পথচলা শুরু হবে। শিলচরে রাঙ্গিরখাড়ির নেতাজী মূর্তির পাদদেশ থেকে এই পথচলা শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে গান্ধীবাগে এসে শেষ হবে।

হাইলাকান্ডি জেলায় পরিবেশ সংরক্ষণের জন্য সরকারী বিভাগগুলির পরিকল্পনা তৈরী করে আগামীকালের মধ্যে জেলা প্রশাসনের কাছে জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

জেলা উন্নয়ন আয়ুক্ত এলডাৰ্ড ফারহিনের পৌরহিত্যে সম্প্রতি আয়োজিত এক সভায় সরকারী বিভাগগুলিকে পরিবেশ সংক্রান্ত পরিকল্পনা প্রস্তুত করা এবং পরিবেশ রক্ষায় হাইলাকান্দি পৌর এলাকায় পৌরসভাকে এবং গ্রামীণ এলাকায় জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ ও গ্রাম উন্নয়ন বিভাগকে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে ।

করিমগঞ্জের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের পক্ষ থেকে সোয়াইন ফ্লু প্রতিরোধে কিছু সর্তকতামূলক নির্দেশনা জারী করা হয়েছে । বিভাগ থেকে জানানো হয়েছে যে সংক্রমণের ঝুঁকি কমাতে শুকর থাকার স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে । শুকর পালনের সাথে যুক্ত কৃষক এবং ব্যক্তিদের যথাযথ টীকা প্রদান করতে হবে । এছাড়া সংক্রমণের মাত্রা প্রতিরোধ করার জন্য রোগীকে পৃথকভাবে রেখে চিকিৎসা করা সহ চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের রোগীর চিকিৎসা করার সময় মাস্ক , চশমা , এপ্রোন , গ্লাভস পরিধান করতে হবে ।

সমাপ্ত